



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৫০১৯

তারিখঃ ২০/১২/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের যশোর জেলার অভয়নগর উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা রেহেনা পারভীন কর্তৃক অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের কারণে উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপীকৃত সমুদয় অর্থ আদায়ের সর্বশেষ তারিখ নির্ধারণপূর্বক ব্যর্থতায় তাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদানের নির্দেশনা দেয়া হয়েছিল। সে হিসেবে মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়ের সর্বশেষ তারিখ আগামী ২৫/১২/২০১৬ খ্রিঃ। তাই নির্দেশনা অনুযায়ী বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা গ্রহণের পূর্বে খেলাপীর অর্থ আদায়ের বর্তমান অবস্থাসহ উক্ত উপজেলায় অত্র প্রকল্পের যাবতীয় হিসাব ও চলমান কার্যক্রম সরেজমিনে তদন্ত করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলোঃ

ক) মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা, উপ প্রকল্প পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা ও

খ) সিফাত আজাদ, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

কমিটির কার্যপরিধি :

- ১। এআরডিও রেহেনা পারভীন কর্তৃক অনিয়মতান্ত্রিক বিতরণকৃত খেলাপী ঋণ আদায়ের বর্তমান অবস্থা যাচাইসহ সুপারিশ প্রণয়ন।
- ২। প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রমসমূহ যাচাই ও সুপারিশ প্রণয়ন।
- ২। বর্ণিত কমিটিকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা, উপ প্রকল্প পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. সিফাত আজাদ, সহকারী পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ অভয়নগর জেলাঃ যশোর।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।